

## বাংলাদেশে স্পীচ এণ্ড ল্যান্ডুয়েজ থেরাপি

যে সকল ব্যক্তি (শিশু/বয়স্ক) তাদের বাক সমস্যার কারণে অন্যের সাথে কথা বলা বা ভাব বিনিময়ে বাধার সম্মুখীন হয়ে থাকে এবং খাবার চিবাতে এবং গিলতে সমস্যা হয়, তাদের জন্য স্পীচ এণ্ড ল্যান্ডুয়েজ থেরাপি একটি বিজ্ঞান সম্মত চিকিৎসা। সারা বিশ্বের মোট ৫% লোকের স্পীচ এণ্ড ল্যান্ডুয়েজ থেরাপি দরকার। বাংলাদেশের প্রায় ৬০-৭০ লক্ষ মানুষ স্পীচ এণ্ড ল্যান্ডুয়েজ থেরাপি দ্বারা উপকৃত হবে। অথচ বাংলাদেশে ২০০৮ সাল পর্যন্ত ডিগ্রীপ্রাপ্ত কোন স্পীচ এণ্ড ল্যান্ডুয়েজ থেরাপিস্ট ছিল না। যে কয়েকজন বিভিন্ন প্রতিষ্ঠানে থেরাপিস্ট হিসাবে কাজ করছেন তারা ডিগ্রীধারী বিদেশী থেরাপিস্টদের কাছ থেকে ব্যবহারিক প্রশিক্ষণ গ্রহণ করেছেন মাত্র। দক্ষ ও উপযুক্ত জনবল গড়ে তুলতে এবং পেশা হিসাবে এর পরিচিতি ও মান উন্নয়নের জন্য সিআরপি'র শিক্ষা প্রতিষ্ঠান বাংলাদেশ হেলথ প্রফেশনস ইনস্টিটিউট বাংলাদেশে একমাত্র প্রতিষ্ঠান হিসাবে ২০০৪ সাল থেকে বি.এস.সি ইন স্পীচ এণ্ড ল্যান্ডুয়েজ থেরাপি কোর্স চালু করে। এই কোর্সটি ঢাকা বিশ্ববিদ্যালয় অনুমোদিত এবং ইউনিভার্সিটি কলেজ লন্ডনের সাথে সম্পর্কযুক্ত। বর্তমানে বাংলাদেশে প্রথম ডিগ্রীপ্রাপ্ত মোট ১০ জন স্পীচ এণ্ড ল্যান্ডুয়েজ থেরাপিস্ট রয়েছেন। তাদের মধ্যে ০৭ জন স্পীচ এণ্ড ল্যান্ডুয়েজ থেরাপিস্ট সিআরপি- সাভার ও সিআরপি- মিরপুর কেন্দ্রে কাজ করছেন।

সমস্যার ধরণ, কারণ ও রোগীর অবস্থার পরিপ্রেক্ষিতে একজন স্পীচ এণ্ড ল্যান্ডুয়েজ থেরাপিস্ট নির্ধারণ করেন তাকে কিভাবে চিকিৎসা সেবা প্রদান করা হবে

ডিজঅর্ডার, আর্টিকুলেশন এণ্ড ফোনোলজিক্যাল ডিজঅর্ডার, এবং খাবার খেতে (চিবাতে ও গিলতে) সমস্যা।

দ্বায়ুরোগ সন্দেহীয় : স্ট্রোক, মাথায় আঘাত প্রাপ্ত রোগী, আলজাইমার, ডিমেনসিয়া, গুলেনবারী সিনড্রোম, মোটর নিউরোন ডিজিজ, খাবার (চিবাতে ও গিলতে) সমস্যা।

মানসিক সমস্যা সন্দেহিত : সিজোফ্রেনিয়া, পারসোনালিটি ডিজঅর্ডার, আংজাইটি ডিজঅর্ডার, বিষন্নতা, মাসকুলার ডিজট্রোফি, মেনিনজাইটিস।

স্পীচ এণ্ড ল্যান্ডুয়েজ থেরাপিস্টের কর্মক্ষেত্র : হাসপাতাল, ক্লিনিক, বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক এনজিও, প্রতিবন্ধীদের জন্য বিশেষ স্কুল, মা ও শিশু স্বাস্থ্য কেন্দ্র, মানসিক হাসপাতাল ও সমাজভিত্তিক পূর্ববাসন কেন্দ্র।

### ● স্পীচ এণ্ড ল্যান্ডুয়েজ থেরাপির উদ্দেশ্য

১. যোগাযোগে সাহায্য করা।
২. অনুকূল পরিবেশে সহজভাবে ভাবের আদান প্রদানে সাহায্য করা।
৩. শ্রবণ ও বাক প্রতিবন্ধীদের কথা বলতে সাহায্য করা।
৪. যেসব ব্যক্তি কথা বলার সময় তীব্রভাবে তাদের তীব্রতামীর সমাধান করা।
৫. ঠোঁট ও তালু কাটা ব্যক্তির কথার অস্পষ্টতা রোধ করা।
৬. যে কোন উপায়ে যেমন- কথার মাধ্যমে বা যে কোন ভাষা (ইশারা, ইঙ্গিত) ব্যবহারের মাধ্যমে সার্বিক যোগাযোগে সাহায্য করা।
৭. স্পীচ এণ্ড ল্যান্ডুয়েজ থেরাপি সম্পর্কে সকলকে সচেতন করা।

পক্ষাঘাতগ্রস্তদের পূর্ববাসন কেন্দ্র (সিআরপি)

পো: সি,আর,পি- চাপাইন, সাভার, ঢাকা-১৩৪৩, ফোন: ৭৭৪৫৪৪-৫  
ফ্যাক্স: ৭৭৪৫০৬৯

অথবা

সি,আর,পি- মিরপুর, পট-এ/৫, বক-এ, সেকশন-১৪, মিরপুর,  
ঢাকা-১২০৬, ফোন: ৮৮০২৮০২০১৭৮, ৮০৫৩৬৬২-৩

ফ্যাক্স: ৮০৫৩৬৬১

e-mail : sltdept.crp@gmail.com; contact@crp-bangladesh.org;  
crp-mirpur@yahoo.com, website : www.crp-bangladesh.org

প্রত্যেক ব্যক্তিই স্বতন্ত্র। তাদের সমস্যার ধরণ ও কারণ আলাদা। সমস্যার ধরণ, কারণ ও রোগীর অবস্থার পরিপ্রেক্ষিতে একজন স্পীচ এণ্ড ল্যান্ডুয়েজ থেরাপিস্ট নির্ধারণ করেন তাকে কিভাবে চিকিৎসা সেবা প্রদান করা হবে। এককভাবে বা দলবদ্ধভাবে অথবা সরাসরি পদ্ধতি ব্যবহার হয়ে থাকে। যে পদ্ধতিতেই চিকিৎসা দেয়া হোক না কেন, ভাষাবিজ্ঞান, মনোবিজ্ঞান, শিক্ষা ও ঔষধ শাস্ত্র থেকে প্রাপ্ত তথ্যের সম্মিলনে গবেষণালব্ধ বৈজ্ঞানিক পদ্ধতিতে থেরাপিস্টগণ এই ক্ষেত্রে কাজ করেন। একজন থেরাপিস্ট শুধুমাত্র রোগীর শারীরিক, মানসিক অবস্থাই নয়, বরং তার সামাজিক অবস্থা পর্যালোচনা করে পরিকল্পনা মাসিক চিকিৎসা দিয়ে থাকেন। রোগীকে যোগাযোগে সক্ষম করে তোলার জন্য সহায়ক সামগ্রীর ব্যবহার / বিকল্প পদ্ধতির ব্যবহার ও পরিবেশগত পরিবর্তনের কথা ও বিবেচনায় রাখা হয়।

### ● যাদের জন্য এই চিকিৎসা পদ্ধতি

শিশু বিষয়ক : সেরেব্রাল পলসি, অটিজম, শ্রবণ প্রতিবন্ধী, ঠোঁট ও তালু কাটা, শিখন প্রতিবন্ধিতা, এডিএইচডি, তোতলামী, ডাউন সিনড্রোম, ল্যান্ডুয়েজ ডিলে এণ্ড ডিজঅর্ডার, স্পীচ ডিলে এণ্ড

শারমিন হাসনাত, প্রভাষক, বাংলাদেশ হেলথ প্রফেশনস ইনস্টিটিউট, সি,আর,পি- চাপাইন, সাভার, ঢাকা-১৩৪৩।

❖ লেখাপড়ায় ভ্রমনোযোগী শিশুর জন্য মনোবিজ্ঞানীর সহায়তা নিন